

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর  
সেইফটি অধিশাখা  
শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০.  
www.dife.gov.bd

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০১.০০.০০১.২১.৪০

তারিখ: ১২ মাঘ ১৪২৯

২৬ জানুয়ারি ২০২৩

বিষয়: **লিমা সফটওয়্যারের পেশাগত স্বাস্থ্য ও সেফটি (OSH) মডিউলের ব্যবহার বৃদ্ধির উদ্যোগ গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের স্মারক নং: ৪০.০১.০০০০.১০১.৯৯.০০৩.২০.৪৬; তারিখ: ১৪ই জুলাই ২০২২।

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সকল কার্যক্রমে গতিশীলতা ও স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে LIMA সফটওয়্যারের প্রয়োজনীয় আপগ্রেডেশন সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে অত্র দপ্তরের ১৪ই জুলাই ২০২২ তারিখের ৪০.০১.০০০০.১০১.৯৯.০০৩.২০.৪৬ নং পত্রের মাধ্যমে মাঠ পর্যায়ের সকল কার্যালয়কে নতুন লাইসেন্স প্রদান ও নবায়ন, লে-আউট নকশা অনুমোদন এবং পরিদর্শন সংক্রান্ত সকল কার্যক্রম LIMA ব্যবহার করে সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২) উল্লেখ্য যে, LIMA সফটওয়্যারের সাম্প্রতিক আপগ্রেডেশনে পেশাগত স্বাস্থ্য ও সেফটি (OSH) বিষয়ক কারখানামুখী (Factory-facing) মডিউলের সেফটি কমিটি, দুর্ঘটনা নোটিশ (ফরম-২৭), দুর্ঘটনার চূড়ান্ত প্রতিবেদন (ফরম-২৭ ক), বিপজ্জনক ঘটনার নোটিশ (ফরম-২৭খ), দুর্ঘটনার রেজিস্টার (ফরম-২৮), পেশাগত ও বিসক্রিয়াজনিত ব্যথির নোটিশ (ফরম-২৯), এর উন্নয়ন করা হয়েছে। কারখানা/ প্রতিষ্ঠানের মালিক, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সহজেই LIMA সফটওয়্যারের পেশাগত স্বাস্থ্য ও সেফটি বিষয়ক মডিউলে উল্লিখিত নোটিশসমূহ অনলাইনে অত্র দপ্তরে প্রেরণ করে সময়, অর্থ এবং যাতায়াত (TCV) কমিয়ে আনার লক্ষ্যে LIMA সফটওয়্যারের পেশাগত স্বাস্থ্য ও সেফটি বিষয়ক মডিউল সম্পর্কে কারখানা/ প্রতিষ্ঠানের মালিক, ব্যবস্থাপনা কর্তৃপক্ষগণের মাঝে সচেতনতা বৃদ্ধির মাধ্যমে তাদের এই সিস্টেমে সম্পৃক্ত করে লিমার ব্যবহার বৃদ্ধি করা আবশ্যিক।

০৩) বর্ণিতাবস্থায়, LIMA সফটওয়্যারের OSH মডিউলের বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য অবহিতকরণ সভা/ উদ্বুদ্ধকরণ সভা/ প্রশিক্ষণের আয়োজন করে কারখানা ও প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে LIMA ব্যবহারে উদ্বুদ্ধকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।



৩১-১-২০২৩

মোঃ নাসির উদ্দিন আহমেদ

মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)

ফোন: +৮৮-০২-২২৬৬৬৪২০২

ফ্যাক্স: +৮৮-০২-২২৬৬৬৪২০৩

ইমেইল: ig@dife.gov.bd

উপমহাপরিদর্শক (৩১টি কার্যালয়), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০১.০০.০০১.২১.৪০/১

তারিখ: ১২ মাঘ ১৪২৯

২৬ জানুয়ারি ২০২৩

অনুলিপিঃ জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্মসচিব), অতিরিক্ত মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ২) যুগ্ম মহাপরিদর্শক, সেইফটি অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৩) উপ মহাপরিদর্শক, সেইফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৪) অফিস কপি।



৩১-১-২০২৩

মোঃ নাসির উদ্দিন আহমেদ

মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)